

৪৭। মূল্য সংযোজন কর আইনের ধারা ৫৯ এর প্রাস্তস্থিত “দাঁড়ি” এর পরিবর্তে “কোলন” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৫৯ এর সংশোধন

“তবে শর্ত থাকে যে, উক্ত প্রতিষ্ঠানের স্বাবর বা অস্বাবর সম্পত্তি বা মালিকানা ক্রয়কারী ব্যক্তি প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ পরিশোধ করা বিষয়ে কোন তফসিলী ব্যাংকের নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল করিলে যথোপযুক্ত বিবেচনায় সংশ্লিষ্ট কমিশনার তৎকর্তৃক নির্ধারিত শর্তে উহা হস্তান্তরের অনুমতি প্রদান করিতে পারিবেন।”।

৪৮। মূল্য সংযোজন কর আইনের দ্বিতীয় তফসিল এর-

১৯৯১ সনের ২২ নং আইনের দ্বিতীয় তফসিল এর সংশোধন

(ক) ক্রমিক নং ৪ এর-

(অ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(গ) জীবন বীমা পলিসি;”;

(আ) দফা (ঘ) ও (ছ) বিলুপ্ত হইবে;

(খ) ক্রমিক নং ৬ এর দফা (ঙ) বিলুপ্ত হইবে।

৪৯। মূল্য সংযোজন কর আইনের তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের তফসিল-৪ এ বর্ণিত তৃতীয় তফসিল প্রতিস্থাপিত হইবে।

১৯৯১ সনের ২২ নং আইনের তৃতীয় তফসিলের প্রতিস্থাপন

#### ষষ্ঠ অধ্যায়

অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর সংশোধন

৫০। অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ৭ এর উপ-ধারা (১) এর “৩.৫%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৪%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

১৯৯৭ সনের ১৫ নং আইন এর ধারা ৭ এর সংশোধন

#### সপ্তম অধ্যায়

ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর সংশোধন

৫১। ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর দফা (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (গগ) সন্নিবেশিত হইবে, যথা:-

২০০৩ সনের ৫ নং আইনের ধারা ২ এর সংশোধন

“(গগ) “শিশু” অর্থ অনধিক আঠার বৎসর বয়সের যে কোন ব্যক্তি;”।

২০০৩ সনের ৫ নং  
আইনের ধারা ২ এর  
সংশোধন

৫২। উক্ত আইন এর ধারা ৩ এর উপ-ধারা (৪) এর পর নিম্নরূপ নূতন  
উপ-ধারা (৫) ও (৬) সংযোজিত হইবে, যথা:-

“(৫) উপ-ধারা (৪) এর অধীন নির্ধারিত পদ্ধতিতে আদায়কৃত ভ্রমণ কর  
নির্ধারিত সময়ের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করিতে হইবে।

(৬) ভ্রমণ কর আদায়ের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা সংস্থা আদায়কৃত ভ্রমণ কর নির্ধারিত  
সময়ের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করিতে ব্যর্থ হইলে, সেই  
পরিমাণ ভ্রমণ কর সরকারী কোষাগারে জমা প্রদানে ব্যর্থ হইবে সেই  
পরিমাণ ভ্রমণ কর এবং উহার উপর মাসিক শতকরা দুই শতাংশ হারে সুদ  
উক্ত ব্যক্তি বা সংস্থার নিকট হইতে আদায়যোগ্য হইবে।”।

অষ্টম অধ্যায়

তফসিল-১

(ধারা ২ দ্রষ্টব্য)

FIRST SCHEDULE

(See Section-3)

PART-1

Goods.

Heading No.	H.S. Code	Description of goods	Rate of Duty
1	2	3	4
08.02	0802.90.10	Betelnuts.	Tk. 0.26 per
	0802.90.20		Kilogram
24.01	2401.10.00	Unmanufactured tobacco.	Tk. 5.50 per
			Kilogram
25.01	2501.00.21	Salt.	Tk. 5.00 per 100
	2501.00.29		Kilogram
	2501.00.90		
		æSalt” includes swamp salt, spontaneous salt and salt or saline solutions made or produced from any saline substance or from salt earth.	
52.02	All H. S. Code	Cotton waste (including yarn waste and garnetted stock).	2½% <i>ad valorem</i>
52.03	„	Cotton, carded or combed	2½% <i>ad valorem</i>
52.04	„	cotton sewing thread, whether or not put up for retail sale.	2½% <i>ad valorem</i>